



বাংলাদেশ আদিবাসী ফোরাম

১০ জানুয়ারি, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

কল্পনা চাকমা অপহরণ মামলাটির বিচার বিভাগীয় তদন্তের আবেদনের উপর শুনানী অনুষ্ঠিত

কল্পনা চাকমা অপহরণ মামলায় দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদন (সত্য) এর বিরুদ্ধে বিচার বিভাগীয় তদন্ত প্রার্থনায় দাখিলীয় নারাজী দরখাস্ত মামলার বাদী ও কল্পনা চাকমার ভাইয়ের উপস্থিতিতে আজ রাঙ্গামাটির চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (আমলী) আদালতে শুনানী সম্পন্ন হয়। শুনানিকালে বাদী পক্ষের বিজ্ঞ আইনজীবী সাক্ষীগণের তালিকা দাখিল করেন। শুনানী শেষে বিজ্ঞ আদালত অধিকতর শুনানির জন্য আগামী ২২ মার্চ ২০১৭ ধার্য তারিখ নির্ধারণ করেছেন।

উল্লেখ্য, ১৯৯৬ সালের ১১ জুন দিবাগত রাতে হিল উইমেস ফেডারেশনের তৎকালীন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক কল্পনা চাকমাকে তাঁর নিজ বাড়ী [গ্রাম: নিউলাল্যাঘোনা, উপজেলা: বাঘাইছড়ি, জেলা: রাঙ্গামাটি] থেকে অপহরণ করা হয়েছিল। এ ঘটনায় ১২/০৬/১৯৯৬ তারিখে কল্পনা চাকমার বড় ভাই কালিন্দী কুমার চাকমা বাদী হয়ে বাঘাইছড়ি থানায় একটি মামলা [মামলা নং ২ তাং ১২/০৬/৯৬ ধারা-৩৬৪ দঃ বিঃ] দায়ের করেন।

মামলার প্রায় সাড়ে চৌদ্দ বছর পর ২১/০৫/২০১০ তারিখে বাঘাইছড়ি থানার তদন্তকারী কর্মকর্তা প্রথম চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। সেই প্রতিবেদনে প্রত্যক্ষদর্শী সাক্ষীদের বক্তব্যকে পাশ কাটিয়ে তদন্ত কর্মকর্তা কল্পনা চাকমা অপহরণের বিষয়ে কোন তথ্য উদঘাটিত হয় নাই মর্মে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। মামলাটি তদন্তের জন্য এ পর্যন্ত ৩৯ বার তদন্ত কর্মকর্তা পরিবর্তন করা হয়েছে।

গত ৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখে মামলার ৩৯তম তদন্ত কর্মকর্তা রাঙ্গামাটির পুলিশ সুপার সাঈদ তারিকুল হাসান আদালতে তার চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তিনিও পূর্বের তদন্ত রিপোর্টের পুনরাবৃত্তি করে তার প্রতিবেদনে বলেছেন- *‘আমার তদন্তকালে ভিকটিমের অবস্থান নিশ্চিত না হওয়ায় তাহাকে উদ্ধার করা সম্ভব হয় নাই। বিধায় মামলা তদন্ত দীর্ঘায়িত না করিয়া বাঘাইছড়ি থানার চূড়ান্ত রিপোর্ট সত্য নং ০৩, তারিখ ৭/৯/২০১৬ দঃ বিঃ বিজ্ঞ আদালতে দাখিল করিলাম। ভবিষ্যতে কল্পনা চাকমা সম্পর্কে কোনও তথ্য পাওয়া গেলে বা তাহাকে উদ্ধার করা সম্ভব হইলে যথানিয়মে মামলাটির তদন্ত পুনরুজ্জীবিত করা হইবে।’*

এমন দায়সারা ও একপেশে রিপোর্ট প্রত্যাখান করে বিচার বিভাগীয় তদন্ত সম্পন্ন করার জন্য এই নারাজী দরখাস্ত দাখিল করা হয়। শুনানিকালে মানবাধিকারকর্মী খুশী কবীর; চাকমা রাণী য়েন্ য়েন্, রাঙ্গামাটি আইনজীবী সমিতির সভাপতি এ্যাডভোকেট প্রতীম রায়; ব্লাস্ট চট্টগ্রাম ইউনিটের সমন্বয়কারী এ্যাডভোকেট রেজাউল করিম চৌধুরী; ব্লাস্টের উপ পরিচালক (আইন) এ্যাডভোকেট মোঃ বরকত আলী; ব্লাস্ট রাঙ্গামাটি ইউনিটের সমন্বয়কারী এ্যাডভোকেট জুয়েল দেওয়ান; এ্যাডভোকেট রফিক আহমেদ সিরাজী; মানবাধিকার কর্মী ইলিরা দেওয়ানসহ ব্লাস্ট, এএলআরডি, নিজেরা করি, নারী পক্ষ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd